

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৪.১৮- ২২২

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৫।
২০ নভেম্বর, ২০১৮।

বিষয় : রিট পিটিশন নং ১০৭৮৫/২০১৮ এর দফাওয়ারী বাংলা/ইংরেজি জবাব ও অন্যান্য রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ আবু নওশের, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), চাঁদপুর কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা- নড়াইল সদর, নড়াইল গং- (একই জেলার ৪ জন শিক্ষক) উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে কর্মরত ছিল। কিন্তু জাতীয়করণের সময় তাঁদেরকে প্রধান শিক্ষক হিসেবে গেজেটভুক্ত না করে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তাঁরা প্রধান শিক্ষক পদে চাকুরী পাওয়ার দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১০৭৮৫/২০১৮ দায়ের করেছেন। রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট ০৩(তিন) মাসের জন্য নিম্নোক্ত Status-quo প্রদান করেছেন:

Pending hearing of the Rule, the respondents are directed to maintain status-quo in respect of appointment of Head Masters in petitioner's schools for period of 03 (three) months from date.

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণপূর্বক রিট পিটিশন নং ১০৭৮৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাবসহ নিম্নোক্ত রেকর্ডসমূহ আগামী ২৬ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১) রিট পিটিশন নং- ১০৭৮৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ২) প্রেরিত ওকালতনামায় স্বাক্ষর প্রদান ৩(তিন)টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৩) প্রেরিত ক্ষমতাপর্ণ পত্রে স্বাক্ষর ৩(তিন) টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৪) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- ৫) Statment of Fact (SF).

সংযুক্তি : ১) রুলের কপি।
২) ওকালতনামা ও ক্ষমতা অর্পন পত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।



মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
নড়াইল

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৪.১৮- ২২২/১

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৫।
২০ নভেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। স্বঃস্বাক্ষর নথি।



মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)